



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গণভোট প্রচারণার অর্থ আত্মসাতের অভিযোগ



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র সিনথিয়া জাহীন আয়েশা। ছবি: সংগৃহীত

গণভোটে ‘হ্যাঁ’ প্রচারণার নামে অর্থ আত্মসাৎ ও আর্থিক অনিয়মের অভিযোগ তুলেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র সিনথিয়া জাহীন আয়েশা। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব অভিযোগ তুলে ধরেন। সিনথিয়ার দাবি, সংগঠনের অভ্যন্তরে দায়িত্ব পালনে তাদের বাধাগ্রস্ত করা হচ্ছে এবং কার্যত তাদের সাংগঠনিক কাজে অংশ নিতে দেওয়া হচ্ছে না। তিনি আরও বলেন, কেন্দ্রীয় পর্যায়ের যোগাযোগ ও প্রশাসনিক নিয়ন্ত্রণ এককভাবে রিফাত রশিদের হাতে কেন্দ্রীভূত করা হয়েছে, ফলে সংগঠনের গণতান্ত্রিক কাঠামো ভেঙে পড়েছে এবং সিদ্ধান্ত গ্রহণে স্বচ্ছতা নেই। এটি কেবল অবমূল্যায়ন নয়, বরং ক্ষমতার অপব্যবহার ও অভ্যন্তরীণ বৈষম্যের উদাহরণ বলেও মন্তব্য করেন তিনি। সিনথিয়ার অভিযোগ, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে গণভোটে ‘হ্যাঁ’ প্রচারের জন্য দেশব্যাপী কর্মসূচির অর্থায়ন কীভাবে হয়েছে, সে বিষয়ে স্পষ্ট কোনো তথ্য দেওয়া হয়নি। শুরুতে ব্যক্তিগত অর্থে কর্মসূচি চালানোর কথা বলা হলেও পরবর্তীতে ফান্ড সংগ্রহ ও ব্যয়ের হিসাব গোপন করা হয়েছে বলে তিনি দাবি করেন। এ বিষয়ে বারবার জবাবদিহিতা চাইলেও উল্টো তাদের বিরুদ্ধে সংগঠন অস্থিতিশীল করার অভিযোগ আনা হয়েছে বলেও জানান তিনি।